# প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত নীতিমালা ও পদ্ধতি (First Aid Policy & Procedure)

| ডকুমেন্ট নং (Document No) | ইস্যু তারিখ (Issue Date) | রিভিশন নং (Revision No) | রিভিশন তারিখ (Revision Date) | অনুমোদনকারী (Approved By) |
|---|---|---|---|---|
| | | | | |

**ভূমিকা (INTRODUCTION) ঃ**

বাংলাদেশের পোশাক শিল্প একটি ১০০% রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান। নতুন শতাব্দীর উষালগ্নে এর উন্নতি, ব্যাপ্তি বা প্রসার খুবই উৎসাহজনক। ----------------------- গ্রুপ তার জন্মলগ্ন থেকেই উৎকৃষ্ট কাজের মান বজায় রাখার প্রতিশ্রুতি নিয়ে পথ চলা শুরু করে। এই গ্রুপ এর প্রতিটি কারখানার উত্তর উত্তর উন্নতি সাধনের লক্ষ্যে ----------------- গ্রুপের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দৃঢ় প্রতিজ্ঞ। এই উদ্দেশ্যকে সঠিকভাবে কার্যে পরিনত করতে, কর্মচারীদের জন্য সহায়ক কর্ম পরিবেশ নিশ্চিত করতে ডার্ড কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ। -------------------- গ্রুপের প্রতিটি ফ্যাক্টরীর প্রতিটি ফ্লোরে পর্যাপ্ত সংক্ষক প্রাথমিক চিকিৎসার সরঞ্জামসহ প্রাথমিক চিকিৎসার বক্স আছে এবং এগুলো তত্বাবধনের জন্য আছে প্রশিক্ষণ প্রাপ্ত প্রাথমিক চিকিৎসক।

বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধি - ২০১৫ এর মধ্যে স্বাস্থ্য ও স্বাস্থ্য বিধির বিভিন্ন দিক গুলি বিষদভাবে বিশ্লেষণ করা আছে। এছাড়াও শ্রমিকদের জন্য সুষ্ঠু স্বাস্থ্য বিধি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নে বর্ণিত বিষয় গুলির ব্যবস্থা করা হয়েছে।

ক**) ডাক্তার ব্যবস্থা ঃ**

প্রতিদিন ফ্যাক্টরী চলাকালীন সময়ে ফ্যাক্টরীতে কর্মরত ডাক্তার ও নার্স-এর মাধ্যমে সার্বক্ষণিক শ্রমিকদের চিকিৎসা প্রদান করা হয়।তাছাড়া ডাক্তার ও নার্সগণ শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে বিভিন্ন প্রশিক্ষন ও সচেতনতামূলক কর্মশলার আয়োজন করে থাকেন।

**খ) প্রাথমিক চিকিৎসা ঃ** ফ্যাক্টরীতে সকল সেকশনের সকলের প্রথমিক চিকিৎসা পাবার অধিকার আছে।

**গ) প্রাথমিক চিকিৎসা বক্স ঃ** ফ্যাক্টরীতে প্রতি ১৫০ জন শ্রমিকের জন্য একটি করে প্রাথমিক চিকিৎসার বাক্স রয়েছে এবং প্রতিটি বাক্সে আইন অনুযায়ী নিম্নলিখিত দ্রব্যাদি মজুদ থাকে। তবে প্রথমিক চিকিৎসা বক্সে কোন ধরনের মেডিসিন রাখা হয় না।

**ঘ) প্রাথমিক চিকিৎসক ঃ** প্রত্যেক ফ্লোর / সেকশন থেকে উক্ত সেকশনের প্রতিটি প্রাথমিক চিকিৎসা বক্সের জন্য কমপক্ষে ০২ জন করে প্রশিক্ষনপ্রাপ্ত প্রাথমিক চিকিৎসক নির্বাচন করতে হবে। দায়িত্বপ্রাপ্ত প্রাথমিক চিকিৎসকগণ তাহার নিজ নিজ বক্সের যাবতীয় রক্ষণাবেক্ষণ করবেন এবং উক্ত বক্সের নির্ধারিত সকল সরঞ্জাম এর মেয়াদ নিশ্চিত করবেন, কোন অসঙ্গতি পরিলক্ষিত হইলে তাহার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহন করবেন।

**ঙ) প্রাথমিক চিকিৎসক ঃ** দায়িত্বপ্রাপ্ত প্রাথমিক চিকিৎসকদের প্রতি দুই মাস অন্তর অন্তর মেডিকেল অফিসার দ্বারা রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ প্রদান করতে হবে । ফ্যাক্টরীতে যে কোন অনাকাঙ্খিত দূর্ঘটনায় শ্রমিকদেরকে প্রশিক্ষণ প্রাপ্ত শ্রমিকরা প্রাথমিক চিকিৎসা প্রদান করবে।

প্রাথমিক চিকিৎসকদের পাশাপাশি সংশ্লিষ্ঠ কল্যাণ কর্মকর্তা প্রাথমিক চিকিৎসা বক্সের যাবতীয় রক্ষনাবেক্ষন কাজের তদারকি করবেন। কোন প্রাথমিক চিকিৎসক চাকুরী ছেড়ে চলে গেলে তার স্থলে নতুন প্রাথমিক চিকিৎসক নির্বাচন এবং দায়িত্বপ্রাপ্ত প্রথমিক চিকিৎসকদের প্রতি দুই মাস অন্তর অন্তর মেডিকেল অফিসার দ্বারা রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবেন।

প্রতিটি দায়িত্বপ্রাপ্ত প্রাথমিক চিকিৎসা বক্সের দায়িত্বপ্রাপ্ত প্রথমিক চিকিৎসকদের ছবিসহ পরিচিতি, প্রাথমিক চিকিৎসা লিফলেট জরুরী টেলিফোন নাম্বার সহ নিম্নলিখির সরঞ্জাম মজুদ থাকবে।

১. **জীবানুমুক্ত ব্যান্ডেজ (Sterilized Bandage) ঃ** কোথাও কেঁটে গেলে, ছিঁড়ে গেলে অথবা কোন আঘাতে রক্তক্ষরণ হলে, উক্ত ক্ষত স্থানে জীবানুমুক্ত তুলাতে এন্টিসেপটিক সলুশন বা স্যাভলন লাগিয়ে পরিস্কার করে তারপর এন্টিবায়টিক ক্রিম ক্ষত স্থানে

| SL | Name of First Aid Items (প্রাথমিক চিকিৎসা বক্সের সরঞ্জামাদির নাম) | পরিমাণ |
|---|---|---|
| 01 | **Small sterilized Bandage** (ছোট জীবানুমুক্ত ব্যান্ডেজ) | ০৬ টি |
| 02 | **Sterilized cotton Packet** (জীবানুমুক্ত প্যাকেট তুলা) প্রতিটি ০.৫ আউন্স | ০৩ টি |
| 03 | **Medium size sterilized Bandage** (মাঝারী আকৃতীর জীবানুমুক্ত ব্যান্ডেজ) | ০৩ টি |
| 04 | **Large size sterilized Bandage** (বড় আকৃতীর জীবানুমুক্ত ব্যান্ডেজ) | ০৩ টি |
| 05 | **Large size Sterilized Burn Bandage** (বড় আকৃতীর জীবানুমুক্ত বার্ন ব্যান্ডেজ) | ০৩ টি |
| 06 | **01 Bottle Habisol/Hexisol (01 Ounce)** (হেবিসল / হেক্সিসল - ০১ আউন্স) | ০১ বোতল |
| 07 | **Rectified Spirit (01 Ounce)** – রেক্টিফায়েড স্পিরিট (০১ আউন্স) | ০১ বোতল |
| 08 | **Surgical Scissors** (সার্জিক্যাল কাঁচি) | ০১ জোড়া |
| 09 | **Painkiller Tablet** (বেদনানাশক বড়ি) | ০৩ টি |
| 10 | **Antacid Tablet** (এন্টাসিড জাতীয় বড়ি) | ০৩ টি |
| 11 | **Burn Cream** (পোঁড়ায় ব্যবহারের মলম) | ০১ টিউব |
| 12 | **Eye Cream** (চোখের মলম) | ০১ টিউব |
| 13 | **Antiseptic solution for surgical Treatment** (শল্য চিকিৎসার উপযুক্ত এন্টিসেপটিক দ্রবণ) | ০১ বোতল |
| 14 | **Orl-Saline** (খাবার সালাইন প্যাকেট) | ০৩ প্যাক |
| 15 | **First-Aid Leaflet** (ফাষ্ট এইড লিফলেট) | ০১ টি |

লাগিয়ে ড্রেসিং করার পর ব্যান্ডেজ দিয়ে বেঁধে দেওয়া হয় , যাহাতে উক্ত ক্ষতস্থানে রক্তক্ষরণ বন্ধ হয় এবং জীবানু প্রবেশ করতে না পারে ।

২. **জীবানুমুক্ত প্যাকেট তুলা (Sterilized cotton Packet) ঃ** জীবানুমুক্ত তুলা শরীরের কোন ক্ষত স্থানে রক্ত বন্ধ করতে এবং ক্ষত স্থান পরিস্কার করতে তুলা ব্যবহার করা হয়, যেমনঃ- কেঁটে যাওয়া, পুড়ে যাওয়া, ছিঁড়ে যাওয়া ইত্যাদি । তরল স্যাভলন তুলাতে লাগিয়ে ক্ষত স্থান পরিস্কার করতে হয় ।

৩. **জীবানুমুক্ত বার্ন ব্যান্ডেজ (Sterilized Burn Bandage) ঃ** শরিরের কোথাও পুঁড়ে গেলে জীবানুনাশক লোশন দ্বারা ক্ষত স্থান পরিস্কার করে বার্ন ওয়েলমেন্ট লাগিয়ে পোঁড়া অংশ ড্রেসিং করার পর জীবানুমুক্ত বার্ন ব্যান্ডেজ দ্বারা বেঁধে দেওয়া হয় ।

৪. **হেবিসল / হেক্সিসল (Habisol/Hexisol) ঃ** শরীরের কোন ক্ষত স্থান ড্রেসিং ব্যান্ডেজ করার পূর্বে প্রাথমিক চিকিৎসকের হাত পরিস্কার করতে এবং জিবানু ধ্বংশ করতে হেবিসল / হেক্সিসল ব্যবহার করতে হয়।

৫. **রেক্টিফায়েড স্পিরিট (Rectified Spirit) ঃ** প্রাথমিক চিকিৎসকের হাত পরিস্কার করতে বা জিবানু ধ্বংশ করতে রেক্টিফায়েড স্পিরিট ব্যবহার করতে হয়।

৬. **সার্জিক্যাল সিজার (Surgical Scissors)** ঃ গজ, ব্যান্ডেজ ইত্যাদি কাঁটা এবং সার্জিক্যাল কাজে সিজার ব্যবহার করা হয় ।

৭. **বেদনানাশক বড়ি (Painkiller Tablet)** ঃ ব্যাথা বা বেদনা দুর করার জন্য ডাক্তারের পরামর্শ অনুযায়ী বেদনানাশক বড়ি সেবন করতে হয়।

৮. **এন্টাসিড জাতীয় বড়ি (Antacid Tablet)** ঃ গ্যাসট্রিক থাকলে বা পেটের ভিতরে গ্যসট্রিক এর ব্যাথা অনুভব করলে ডাক্তারের পরামর্শ অনুযায়ী এন্টাসিড জাতীয় বড়ি সেবন করতে হয়।

৯. **পোঁড়ায় ব্যবহারের মলম (Burn Cream )** ঃ শরিরের কোন জায়গা পুড়ে গেলে এন্টিসেপটিক সলিউশন দ্বারা পরিস্কার করার পর উক্ত স্থান উপশম এবং জীবানুমুক্ত করার জন্য পোঁড়ায় ব্যবহারের মলম (Burn Cream ) ব্যবহার করতে হয়।

১০. **চোকের মলম (Eye Cream)** ঃ চোখের ভিতরে কোন ময়লা পড়লে কিংবা চোখ কোন কেমিক্যেল দ্বারা আক্রান্ত হলে চোখ জ্বালাত্বন করলে চোখের মলম ব্যবহার করা হয়।

১১. **শল্য চিকিৎসায় ব্যবহৃত এন্টিসেপটিক দ্রবণ (Antiseptic solution for surgical Treatment)** ঃ ইহা ক্ষত স্থান পরিস্কার ও দ্রুত শুকানোর জন্য ব্যবহার করা হয়।

১২. **ওর স্যালাইন (Orl-Saline)** ঃ ঘন ঘন পাতলা পায়খানা হলে অথবা বমি হলে মানুষের শরীরে পানি স্বল্পতা দেখা দেয় এই পানি স্বল্পতা দূর করার জন্য প্রাথমিক অবস্থায় ওর স্যালাইন খাওয়ানো হয় ।

১৩. **ফার্স্ট এইড লিফলেট (First-Aid Leaflet)** ঃ ফার্স্ট এইড লিফলেট ফার্স্ট এইড বক্সে রক্ষিত সরঞ্জামসমূহের সঠিক ব্যবহার সম্পর্কে জানার জন্য ।

**<u>উপসংহার (CONCLUSION)</u>** ঃ সভ্যতার ক্রমবিকাশের সাথে সাথে পোশাক শিল্পের চাহিদা দিন দিন বেড়েই চলছে। বাংলাদেশের পোশাক শিল্পের মান ইতিমধ্যেই বহিঃর্বিশ্বে একটি স্বতন্ত্র পরিচয় খুঁজে পেতে সক্ষম হয়েছে। তাই এ শিল্পের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনের এ গতিকে আরও তরান্বিত করতে এবং এ শিল্পকে বাঁচিয়ে রাখতে হলে প্রথমেই দৃষ্টিপাত করতে হবে এর প্রানশক্তির দিকে। আর এ প্রানশক্তি হল এ শিল্পে কর্মরত শ্রমিক কর্মচারী। নিরাপদ কর্ম পরিবেশ উৎপাদনের পূর্ব শর্ত, স্বাস্থ্যসম্মত পরিবেশ আর জান-মালের নিরাপত্তা বিধান করলে প্রতিটি শ্রমিক কর্মচারী নিজ কর্মে আরও অনুপ্রানিত হবে, এতে বাড়বে উৎপাদন। বর্ণিত নীতিমালা সম্পর্কে সকল শ্রমিকের জানা এবং এ নীতিমালা যথাযথভাবে পালন বা অনুসরন করা একান্ত আবশ্যক। একটি সুষ্ঠু, সুন্দর ও পূর্ণাঙ্গ নীতিমালা অনুসরন করলে যে কোন শিল্প কারখানা তার লক্ষ্য অর্জনে সক্ষম হবে। ডার্ড গ্রুপ তাই শ্রমিকদের সাথে আচরন সংক্রান্ত নীতিমালাকে গুরুত্বের সাথে বিবেচনা করে এবং এর অনুসরন বাধ্যতামূলক বলে গণ্য করে। ডার্ড গ্রুপ মনে করে মালিক শ্রমিক সর্ম্পক উৎপাদনে মূল চালিকা শক্তি।

| প্রস্তুতকারী (Prepared By) | অনুমোদনকারী (Approved By) | অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature) | সীল (Seal) |
|---|---|---|---|
| | | | |